



বিজয় দিবস নিয়ে আতঙ্কের কারণ নেই: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

সচিবালয়ে আইনশৃঙ্খলা কমিটির বৈঠক শেষে স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী জানান, বিজয় দিবসকে কেন্দ্র করে দেশে কোনো নাশকতার আশঙ্কা নেই এবং সামগ্রিক পরিস্থিতি শান্ত। গত বছরের মতো এবারও কুচকাওয়াজ হবে না, তবে কর্মসূচি অপরিবর্তিত থাকবে। ভোরের কাগজের অনলাইন সম্পাদককে ডিবি নিয়ে যাওয়ার বিষয়ে তিনি বলেন, বিষয়টি তদন্তের পর বলা যাবে।

বিজয় দিবস সামনে রেখে দেশে কোনো ধরনের নাশকতার আশঙ্কা বা অস্থিরতা নেই বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী। বুধবার (১৯ নভেম্বর) সচিবালয়ে আইনশৃঙ্খলা কমিটির বৈঠক শেষে তিনি সাংবাদিকদের বলেন, “পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক। বিজয় দিবস শান্তিপূর্ণভাবেই উদযাপিত হবে।”

তিনি জানান, গত বছরের মতো এবারও কুচকাওয়াজ অনুষ্ঠিত হচ্ছে না, তবে বিজয় দিবসের সার্বিক কর্মসূচি অপরিবর্তিত থাকছে। এ আয়োজনের দায়িত্ব মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের, আর নিরাপত্তার দায়িত্ব পালন করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

শেখ হাসিনার রায়কে কেন্দ্র করে দেশে কোনো উত্তেজনা বা উদ্বেগ নেই বলেও মন্তব্য করেন তিনি। “দেশে স্থিতিশীলতা আছে, জনগণের মাঝে কোনো আতঙ্ক নেই,” যোগ করেন উপদেষ্টা।

ভোরের কাগজের অনলাইন সম্পাদককে গভীর রাতে ডিবি পুলিশ নিয়ে যাওয়ার ঘটনায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, “ঘটনাটি এখনই জানতে পারলাম। অনুসন্ধান করে তারপর বিস্তারিত জানানো হবে।”